



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর-৬২/৬৫৩৬/১

তারিখ: ০৯.০৯.২০১৯খ্রি.

বিষয়: মহামান্য আপিল বিভাগের আদেশ অমান্য করার ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে

সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর-৬২/৩২২৬/৬; তারিখ: ০৮.০৪.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিভিল পিটিশন নং-৩৬১১/২০১৬ এ জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কানা মালঞ্চ আমিনিয়া দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী মাওলানা মোঃ শফিকুর রহমানের বেতন-ভাতা (এমপিও) আপিল নিষ্পত্তির কালতক কোড নং-১০ এর মাধ্যমে পরিশোধ করার জন্য আদেশ প্রদান করা হয়।

সহকারী মৌলভী মাওলানা মোঃ শফিকুর রহমান এর কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মোতাবেক প্রতীয়মান হয় যে, মহামান্য আপিল বিভাগ কর্তৃক কোড নং-১০ এর মাধ্যমে বেতন ভাতা পরিশোধ সংক্রান্ত আদেশ মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক প্রতিপালিত হয়নি, যা মহামান্য আদালতের প্রতি অবমাননা ও অবজ্ঞার শামীল।

উক্তরূপ অবমাননার কারণে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে ১৫/০৪/২০১৮ খ্রি. তারিখে নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০০৩১১/৭১৩৫/নথি নং-৬২ স্মারকে অনুমোদিত মাদ্রাসার ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত স্মারকে ম্যানেজিং কমিটির সভাপতি, সদস্যবৃন্দ ও সুপারকে কারণ দর্শানোর পত্র দেয়া হয়। উক্ত কারণ দর্শানোর পত্রের পরিপ্রেক্ষিতে ম্যানেজিং কমিটির পক্ষে কোন জবাব দাখিল করা হয়নি বিধায় কমিটি বাতিলের ক্ষেত্রে তাদের কোন বক্তব্য নেই মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

বর্নিত অবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে ১৫/০৪/২০১৮ খ্রি. তারিখে নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০০৩১১/৭১৩৫/নথি নং-৬২ স্মারকে অনুমোদিত মাদ্রাসার ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্জে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

১। সভাপতি/ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ
কানা মালঞ্চ আমিনিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: হাজরাবাড়ী, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর।

২। সুপার, কানা মালঞ্চ আমিনিয়া দাখিল মাদ্রাসা;
ডাকঘর: হাজরাবাড়ী, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর।

নং-বামাশিবো/প্রশাসন/জামালপুর-৬২/ /

তারিখ: .০৯.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জামালপুর;
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর;
৪. জনাব মাওলানা মোঃ শফিকুর রহমান (সহকারী মৌলভী), কানা মালঞ্চ আমিনিয়া দাখিল মাদ্রাসা, মেলান্দহ, জামালপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এন্টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬৭৪৮৭৪